| | | | | |
|---|---|---|---|---|
| ৪.১। | চলমান উন্নয়ন প্রকল্প। | মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও উন্নয়ন) সভাকে অবহিত করেন যে, কোম্পানিতে ৫টি উন্নয়ন প্রকল্প চলমান আছে। তন্মধ্যে, | চলমান ৫টি প্রকল্পের কার্যক্রম সুষ্ঠু ও যথাযথভাবে সম্পাদন করতে হবে। | মহাব্যবস্থাপক (অপারেশন)/ (পিডি)/(টিএস) এবং সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |
| | | (ক) তিতাস-ই এবং জি লোকেশনে ৩টি করে মোট ৬টি কম্প্রেসর স্থাপন সম্পন্ন করে উৎপাদিত গ্যাস কম্প্রেসরের মাধ্যমে জাতীয় গ্রিডে সরবরাহ করা হচ্ছে। কোম্পানির ও জিকম-এর জনবল কর্তৃক ১০ নভেম্বর ২০২৫ হতে ১ বছর মেয়াদী জয়েন্ট অপারেশন কার্যক্রম পরিচালিত হচ্ছে। | কম্প্রেসরসমূহের জয়েন্ট অপারেশন কার্যক্রমের মাধ্যমে কোম্পানিতে সংশ্লিষ্ট কাজে দক্ষ জনবল গড়ে তুলতে হবে। | |
| | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | (খ) ৭টি কূপের ওয়ার্কওভার প্রকল্পের আওতায় বাখরাবাদ-৭ কূপের ওয়ার্কওভার মার্চ, ২০২৫ মাসে শুরু করার লক্ষ্যে রিগ ও আনুষঙ্গিক মালামাল মোবিলাইজেশনের জন্য বাপেক্স-কে পত্র প্রদান করা হয়েছে। পরবর্তীতে মেঘনা কূপের ওয়ার্কওভার সম্পাদনের জন্য রিগ ফাউন্ডেশনের সংস্কার কাজের দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। উক্ত ফিল্ডের উৎপাদিত পানি নিষ্কাশনের জন্য মহাব্যবস্থাপক (অপারেশন), (টিএস) ও উপমহাব্যবস্থাপক (সিভিল) সরেজমিন পরিদর্শন করে প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণ করছেন। | বাখরাবাদ-৭ কূপের ওয়ার্কওভার মার্চ, ২০২৫ মাসে শুরু করার লক্ষ্যে রিগ ও আনুষঙ্গিক মালামাল মোবিলাইজেশনের বিষয়ে বাপেক্স-এর সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br><br>মেঘনা-১ কূপের ওয়ার্কওভারের লক্ষ্যে রিগ ফাউন্ডেশন মডিফিকেশন কাজ দ্রুত সম্পাদনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |
| | | (গ) ২টি গভীর অনুসন্ধান কূপ তিতাস-৩১ এবং বাখরাবাদ-১১ খনন প্রকল্পের কাজ সিডিউল মোতাবেক চলমান আছে। তিতাস-৩১ কূপ খনন সংশ্লিষ্ট রিগ ফাউন্ডেশনের কাজ শুরু হয়েছে। সংশ্লিষ্ট বৈদেশিক মালামাল মার্চ-২০২৫ মাসের মধ্যে সংগ্রহ করা যাবে-মর্মে আশা করা যাচ্ছে। | ২টি গভীর অনুসন্ধান কূপ তিতাস-৩১ এবং বাখরাবাদ-১১ খনন প্রকল্পের কাজ যথাসময়ে শুরু করতে হবে। | |
| | | ( ঘ) বাপেক্স কর্তৃক পরিচালিতব্য হবিগঞ্জ, বাখরাবাদ ও মেঘনা ফিল্ডে ৩-ডি সাইসমিক জরিপ প্রকল্পের বাস্তব কাজ ফেব্রুয়ারি'২৬ মাসের শেষ সপ্তাহ নাগাদ শুরু করা যাবে বলে আশা করা যাচ্ছে। এ লক্ষ্যে বনবিভাগের অনুমোদনের জন্য একটি আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়েছে। সভার সিদ্ধান্ত অনুসরণে বনাঞ্চলের ৩ডি সাইসমিক জরিপ পরিচালনা করা যাবে। এছাড়া, বাপেক্স কর্তৃক সরকারি প্রতিষ্ঠান IIFC হতে মাঠ পর্যায়ের কাজের জন্য লোকবল সংগ্রহ করা হচ্ছে। | ঘ) বাপেক্স কর্তৃক পরিচালিতব্য হবিগঞ্জ, বাখরাবাদ ও মেঘনা ফিল্ডের ৩-ডি সাইসমিক জরিপের মাঠ পর্যায়ের কাজ ফেব্রুয়ারি'২৬ মাসের শেষ সপ্তাহ নাগাদ শুরুর লক্ষ্যে তাদের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | |
| | | ( ঙ) ৪টি মূল্যায়ন-কাম-উন্নয়ন কূপ খনন প্রকল্পের আওতায় তিতাস ফিল্ডে ১ম কূপ (তিতাস-২৮) এর খনন কাজ চলমান আছে। মার্চ'২৬ মাসে খনন কাজ সম্পন্ন হবে বলে আশা করা যাচ্ছে। পাইপলাইন নির্মাণ কাজের দরপত্র মূল্যায়ন সম্পন্ন হয়েছে। কামতা ফিল্ডের জন্য অভ্যন্তরীণভাবে প্রসেস প্লান্ট সংগ্রহ করা যায়নি বিধায় ক্রয় প্রক্রিয়া গ্রহণ করা হয়েছে। CCDC কর্তৃক বরাদ্দকৃত অপর একটি রিগ দিয়ে কামতা ফিল্ডের খনন কার্যক্রম শুরুর লক্ষ্যে ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। | তিতাস-২৮, ২৯, ৩০ নং কূপের গ্যাস প্রক্রিয়াকরণের লক্ষ্যে পাইপলাইন নির্মাণ কাজের ঠিকাদার নিয়োগ দ্রুত সম্পন্ন করতে হবে।<br><br>কামতা ফিল্ডের জন্য প্রসেস প্লান্ট ক্রয়ের কার্যব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>CCDC-এর প্রস্তাবিত বিকল্প রিগ দ্বারা কামতা ফিল্ডের খনন কার্যক্রম সম্পোদনে বোর্ডের অনুমোদন গ্রহণ করতে হবে। | |
| ৪.২। | প্রস্তাবিত উন্নয়ন প্রকল্পসমূহ। | সভাকে অবহিত করা হয় যে, দেশীয় গ্যাসের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে বিজিএফসিএল-এর ৪টি প্রস্তাবিত প্রকল্প রয়েছে। তন্মধ্যে, | | |
| | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ( ক) তিতাস ৩২ ও ৩৩ নং কূপ খননের লক্ষ্যে গৃহীত প্রকল্পের ডিপিপি জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ করা হয়েছে। | তিতাস ৩২ ও ৩৩ নং কূপ খননের লক্ষ্যে গৃহীত প্রকল্পের ডিপিপি অনুমোদনের লক্ষ্যে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | মহাব্যবস্থাপক (পিডি) এবং উপমহাব্যবস্থাপক (পরিকল্পনা) |
| | | ( খ) তিতাস- ১৫ (Sidetrack Drilling) ও বিকেবি-২ নং কূপের ওয়ার্কওভার প্রকল্প গ্রহণের লক্ষ্যে প্রণীত ডিপিপি ইএমআরডি-তে প্রেরণ করা হয়েছে। প্রকল্পের EIA চূড়ান্ত করার কার্যক্রম চলমান আছে। | তিতাস-১৫ (Sidetrack Drilling) ও বিকেবি-২ নং কূপের ওয়ার্কওভার প্রকল্পের ডিপিপি অনুমোদনের লক্ষ্যে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | |
| | | (গ) তিতাস ও হবিগঞ্জ ফিল্ডের অন্তর্বর্তী ২৫৫ বর্গ কি.মি. এলাকায় ২-ডি এবং তিতাস ফিল্ডের উত্তর-পশ্চিম ও নরসিংদী ফিল্ডের উত্তর-পূর্বে ৬৩২ বর্গ কি.মি এলাকায় ৩-ডি সাইসমিক জরিপ প্রকল্পের চূড়ান্ত Feasibility Study প্রতিবেদন IIFC কর্তৃক দাখিল করা হয়েছে। অপরদিকে, ২ডি সাইসমিক জরিপ সম্পাদনের লক্ষ্যে বাপেক্স-এর গঠিত কমিটি কর্তৃক দাপ্তরিক প্রাক্কলিত ব্যয়ের প্রতিবেদন দাখিল করা হয়েছে। সম্ভাব্যতা সমীক্ষা ও কমিটি'র প্রতিবেদন অনুযায়ী ডিপিপি প্রস্তুত করা হয়েছে। শীঘ্রই বিজিএফসিএল বোর্ডের কারিগরি কমিটিতে উপস্থাপন করা হবে। | (গ) ২-ডি ও ৩-ডি সাইসমিক জরিপ প্রকল্পের সম্ভাব্যতা সমীক্ষা ও কমিটি'র প্রতিবেদন অনুযায়ী ডিপিপি প্রণয়ন করে বিজিএফসিএল বোর্ডের কারিগরি কমিটিতে উপস্থাপন করতে হবে। | |
| | | ( ঘ) তিতাস ফিল্ডে ৩টি মূল্যায়ন-কাম-উন্নয়ন কূপ (তিতাস-৩৪, ৩৫, ৩৬) খননের জন্য জুলাই ২০২৬ হতে জুন ২০২৯ পর্যন্ত বাস্তবায়ন মেয়াদ বিবেচনা করে একটি প্রকল্প গ্রহণের পরিকল্পনা করা হয়েছে। প্রকল্পের ডিপিপি প্রস্তুত করা হচ্ছে। | তিতাস-৩৪, ৩৫, ৩৬ কূপ খননের লক্ষ্যে প্রস্তাবিত প্রকল্পের ডিপিপি যথাশীঘ্র প্রস্তুত করতে হবে। | |